

# কোভিড-19 ভ্যাকসিন কাদের ওপর পরীক্ষা করা হয়েছিল?

14 এপ্রিল, 2021

কোনও টিকা ব্যবহারের জন্য অনুমোদিত হওয়ার আগে, এটি কার্যকর এবং নিরাপদ কিনা তা নিশ্চিত করার জন্য এটি একটি বিশাল সংখ্যক জনসাধারণের ওপর পরীক্ষা করা হয়। এগুলিকে ক্লিনিকাল ট্রায়ালস বলা হয়। যে বিজ্ঞানীরা কোভিড-19 টিকা পরীক্ষা করেছিলেন, তাদের গবেষণায় বর্ণ ও জাতিগতভাবে বিভিন্ন জনগোষ্ঠী সহ বিস্তৃত ব্যক্তিবর্গকে অন্তর্ভুক্ত করা হয়েছিল।

## বিভিন্ন পটভূমির ব্যক্তিবর্গের উপর ভ্যাকসিনগুলি পরীক্ষা কেন করা হয়েছিল?

এটি গুরুত্বপূর্ণ যে টিকার পরীক্ষাসমূহ এমন জনগোষ্ঠীর স্বচ্ছাসেবকদের অন্তর্ভুক্ত করে যারা টিকাটি গ্রহণ করবে। যে বিজ্ঞানীরা কোভিড-19 টিকা পরীক্ষা করেছিলেন তারা জানতেন যে স্বাস্থ্যসেবা, আয়, শিক্ষা, চাকুরী এবং নিরাপদ আবাসনের সুবিধার ক্ষেত্রে বাধার কারণগুলির দরুণ অশ্বেতাঙ্গ ব্যক্তিবর্গ কোভিড-19 থেকে অসুস্থ হওয়ার এবং মারা যাওয়ার ঝুঁকিতেরয়েছেন। তাই তারা তাদের পরীক্ষায় অশ্বেতাঙ্গ ব্যক্তিদের অন্তর্ভুক্ত করার জন্য ইচ্ছাকৃত প্রচেষ্টা চালিয়েছেন। এটি প্রত্যেককে কোভিড-19 থেকে সুরক্ষিত হওয়ার সুযোগ দেবে।

## ভ্যাকসিন পরীক্ষার জনসংখ্যা কতটুকু বিচিত্র ছিল?

বিজ্ঞানীরা বহু বর্ণ ও জাতিগত পটভূমি হতে আসা হাজার হাজার ব্যক্তিবর্গের ওপরে কোভিড-19 টিকা (বর্তমানে কানাডায় অনুমোদিত) পরীক্ষা করেছেন। এই ছকটি দেখায় জনসংখ্যা কত বিচিত্র ছিল।

স্ব-সনাক্তকরা বর্ণ বা জাতিগত পটভূমি*	মোডার্না ভ্যাকসিন	ফাইজার-বায়োএনটেক ভ্যাকসিন	জনসন এ্যান্ড জনসন ভ্যাকসিন	অ্যাস্ট্রাজেনেকা ভ্যাকসিন
শ্বেতাঙ্গ	79%	83%	62%	79%
কৃষ্ণবর্ণ বা আফরিকান আমেরিকান	10%	9%	17%	8%
এশিয়	5%	4%	4%	4%
স্বদেশজাত (ইন্ডাইজেনাস) ("আমেরিকান ইন্ডিয়ান" বা "আলাস্কান নেটিভ")	0.8%	0.5%	8%	4%
দেশজ(নেটিভ) হাওয়াইয়ান বা পেসিফিক আইলেন্ডার	0.2%	0.2%	0.3%	--
বহুজাতীয়	2%	2%	45%	--
হিস্প্যানিক/ল্যাটিন এক্স	21%	28%	45%	22%
অন্যান্য	2%	--	5%	--
অপ্রতিবেদিত/জানা নেই	0.9%	0.6%	3%	--

\*এগুলি ছিল বৈজ্ঞানিক গবেষণায় ব্যবহৃত পরিভাষাসমূহ। কিছু অংশগ্রহীতা একাধিক জাতিগত বা বর্ণগত পটভূমি দিয়ে চিহ্নিত হয়েছেন।



মোডার্না ভ্যাকসিন-এর গবেষণাটি মার্কিন যুক্তরাষ্ট্রে পরিচালিত হয়েছিল এবং ফাইজার-বায়োএনটেক ভ্যাকসিন-এর গবেষণাটি মার্কিন যুক্তরাষ্ট্র, আর্জেন্টিনা, ব্রাজিল, জার্মানি, দক্ষিণ আফ্রিকা এবং তুরস্কে পরিচালিত হয়েছিল।

জনসন এ্যান্ড জনসন গবেষণাটি মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রাজিল, দক্ষিণ আফ্রিকার পাশাপাশি লাতিন আমেরিকার আরও পাঁচটি দেশে (আর্জেন্টিনা, চিলি, কলম্বিয়া, পেরু এবং মেক্সিকো) হয়েছিল।

মার্কিন যুক্তরাষ্ট্র, পেরু এবং চিলির ৮৮টি কেন্দ্রে অনুষ্ঠিত যৌথ গবেষণায় অ্যাস্ট্রাজেনেকা ভ্যাকসিনের বিশ্লেষণ হয়েছে।

## কাগুли কি বিভিন্ন জাতিগত বা বর্ণগতগোষ্ঠীতে একইভাবে কাজ করেছিল?



হ্যাঁ। পরীক্ষাগুলি দেখিয়েছিল যে টীকাসমূহ কোভিড-19 অসুস্থতা থেকে রক্ষা করতে কার্যকর ছিল। ওগুলি বিভিন্ন বর্ণ ও জাতিগত পটভূমির ব্যক্তিবর্গের মধ্যে সমানভাবে কার্যকর ছিল।

14 এপ্রিল অবধি, চীন, মেক্সিকো, বাংলাদেশ এবং দক্ষিণ আফ্রিকা সহ সারা বিশ্বের ব্যক্তিবর্গ বিভিন্ন ধরনের কোভিড-19 ভ্যাকসিনের 825 মিলিয়ন ডোজ পেয়েছে।

আমরা আশা করি আপনি এই বুলেটিন উপকারীমানে করেন! আমরা আপনাকে এটি ব্যাপকভাবে বিতরণ করার জন্য আমন্ত্রণ জানাচ্ছি, কোনও অডিও বা ভিডিও রেকর্ড করতে লিপি হিসাবে এটি ব্যবহার করুন বা অন্যদের সাথে বন্টন করার জন্য আরও ভাষায় অনুবাদ করুন। অনুগ্রহ করে উৎসটির স্বীকৃতি দেয়া নিশ্চিত করবেন: উইমেন্স কলেজ হাস্পিট্যাল, ওসিএএসআই, টিএআইবিইউ কমিউনিটি হেলথ সেন্টার এবং রেফেউজী 613।

14 এপ্রিল 2021 পর্যন্ত সঠিক

এই বুলেটিনের তথ্য কানাডীয় চিকিৎসকরা বৈধ করেছেন: মেব রশিদ এমডি, সহকারী অধ্যাপক, ইউনিভার্সিটি অফ টরন্টো; ভেনেসা রেড্ডিট, এমডি, প্রভাষক, ইউনিভার্সিটি অফ টরন্টো; এবং আইজ্যাক আই বোগোচ, এমডি, সহযোগী অধ্যাপক, ইউনিভার্সিটি অফ টরন্টো

{ REFUGEE } 613

BE IN GOOD HEALTH  
**TAIBU**  
COMMUNITY  
HEALTH CENTRE

**OCASI**  
Ontario Council of Agencies Serving Immigrants

**WCHH**  
WOMEN'S COLLEGE HOSPITAL  
Healthcare | REVOLUTIONIZED

**pchs** 30  
Serving Diverse Communities

**CSALC**  
CHINESE AND SOUTHEAST ASIAN  
LEGAL CLINIC  
華語東亞法律服務中心  
Trung Tâm Hướng Dẫn Luật Pháp Hoa-Việt-Khmer-Lào  
ສູນຄູ່ມືກົດໝາຍສຳລັບຊຸມຊົນ ທາງ ທາງ ທາງ

**MCIS**  
LANGUAGE SOLUTIONS

Occupational Health  
Clinics for Ontario  
Workers Inc.